

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
প্রশাসন অধিশাখা  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০.০০০০.০১৫.৩৩.০০৩.১৭. ৯৯৮৬


তারিখঃ ২৩ অক্টোবর ২০১৭

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের গত ১৮ অক্টোবর ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী।

১

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১৮ অক্টোবর ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

  
(মোহাম্মদ শাহীন)

সদস্য-সচিব, ইনোভেশন টিম ও  
উপসচিব

ফোন: ৪৯৩৫৭১০৮

ইমেইল: [shaheen.moni@gmail.com](mailto:shaheen.moni@gmail.com)

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১ অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (বাজেট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০২ যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩ যুগ্মসচিব/উপসচিব (মিশন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪ উপসচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫ উপপ্রধান (পরিকল্পনা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় জ্ঞাতার্থে:

- ০১ সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[দু:আ: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ]।
- ০২ মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এ টু আই কর্মসূচি, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ০৩ মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৪ ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৫ মহাপরিচালক, ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৬ ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৭ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮ সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯ সিনিয়র সহকারী সচিব (সমন্বয় শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১০ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা  
(ওয়েব সাইটে প্রকাশ করা সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের ই-মেইলে প্রেরণ করার অনুরোধসহ)।
- ১১ অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১২ অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
www.probashi.gov.bd

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১৮ অক্টোবর ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী।

০১। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি ১১ অক্টোবর ২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সেবা সহজীকরণে উদ্ভাবনী কার্যক্রমের অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভার আলোচনা ও নির্দেশনার প্রেক্ষিতে ইনোভেশন কার্যক্রমকে আরো সুনির্দিষ্ট ও জোরদার করার ওপর গুরুত্ব আরোপ করেন। অতঃপর তিনি সভার কার্যপত্র এবং বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭-১৮ অনুসারে আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য ইনোভেশন কমিটির সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব এ বছরের কর্মপরিকল্পনার আলোকে সার্বিক বিষয় উপস্থাপন করেন।


০৩। সভার আলোচনায় সকলের অংশগ্রহণে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশ গ্রহণ করা হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
৩.১	অভিবাসন প্রবণ আরও ৬টি জেলায় স্মার্ট কার্ড/বহির্গমন ছাড়পত্র প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ।	বিএমইটি প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, চট্টগ্রামের ন্যায় এ পর্যায়ে কুমিল্লা, সিলেট, ময়মনসিংহ, পাবনা, রংপুর ও যশোর জেলায়ও এ কার্যক্রম শুরু করার লক্ষ্যে প্রক্রিয়া চলমান রয়েছে এবং চলতি মাসে এ কার্যক্রমটি সম্পন্ন করা হবে। এ লক্ষ্যে ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের ব্যবস্থা করা হয়েছে।	১। গুরুত্বপূর্ণ এ সেবাটি আরও বিকেন্দ্রিকরণের ব্যবস্থা করায় বিএমইটি এবং ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ডকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ২। মাঠ পর্যায়ে বিকেন্দ্রীকরণের পর কার্যক্রমটির সুষ্ঠু বাস্তবায়নে এবং মনিটরিং নিশ্চিতকরণের লক্ষ্যে একটি গাইডলাইন প্রণয়নের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.২	বিদেশ গমনেচ্ছু কর্মীদের সেবা সহজীকরণ কার্যক্রমের ধারাবাহিকতায় আরো ৪টি ডিইএমও-তে ফিঙ্গারপ্রিন্ট কার্যক্রম চালুকরণের মাধ্যমে সর্বমোট ২৯ টি ডিইএমও-তে এ কার্যক্রম সম্প্রসারণ।	২৫ টি জেলার বিদেশগামী কর্মীদের জন্য এ কার্যক্রম সম্প্রসারণ করার ফলে তাদেরকে আর ঢাকায় আসতে হচ্ছে না। এছাড়া, ফিঙ্গার প্রিন্ট কার্যক্রম চালু হওয়ায় জেলা অফিসসমূহ অধিকতর সক্রিয় হয়েছে বলে বিএমইটি প্রতিনিধি সভাকে জানান। মাঠ পর্যায়ে বিকেন্দ্রীকরণের সুফল প্রাপ্তি ও এর সফলতার জন্য মনিটরিং জোরদারের ওপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। এ প্রসঙ্গে বিএমইটি প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, চুয়াডাঙ্গা, চাঁদপুর, মৌলভীবাজার ও সিরাজগঞ্জ জেলায় এ মাসে এ কার্যক্রমটি চালু হবে এবং বিএমইটির পরিচালকগণ কয়েকটি ভাগে এ কার্যক্রম মনিটরিং করছেন। মন্ত্রণালয়ের পক্ষ হতেও মাঠ পর্যায়ে এ সকল কার্যক্রম সরেজমিন তদারক করা যেতে পারে বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন।	১। যে সকল জেলা হতে অধিক সংখ্যক কর্মী গমন করে পর্যালোচনায় এরূপ অন্যান্য জেলায় এ কার্যক্রম সম্প্রসারণের উদ্যোগ অব্যাহত রাখার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়। ২। জেলা পর্যায়ে প্রদত্ত এ সেবার সর্বোচ্চ মান নিশ্চিত করার লক্ষ্যে মনিটরিং জোরদার করার বিষয়ে বিএমইটি-কে পুনরায় অনুরোধ করা হয়।
৩.৩	ব্যুরোর ওয়েবসাইটে অধিকসংখ্যক প্রবাসী বাংলাদেশী কর্মী অধ্যুষিত দেশসমূহের Country	বিদেশ গমনেচ্ছু কর্মী এবং এ কার্যক্রমে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের সুবিধার্থে বর্তমানে যে সকল দেশে অধিকসংখ্যক বাংলাদেশী কর্মী গমন করে সে সকল দেশের Country Specific Guideline	১। আইএলও'র সাথে আলোচনা করে এবং Content develop করে ওয়েবসাইটে প্রদত্ত গাইডলাইন/তথ্য সমূহ আরো সুস্পষ্ট ও বিস্তারিত আকারে প্রকাশ করার জন্য বিএমইটি-কে

	Specific Guideline প্রকাশ।	ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় পুণরায় গুরুত্বারোপ করা হয়। বর্তমানে ওমান, কাতার, বাহরাইনসহ ৫টি দেশের তথ্য বিএমইটি'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এ সকল তথ্য আরো সুস্পষ্ট ও বিস্তারিত করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। বিএমইটি প্রতিনিধি সভায় জানান যে, এ বিষয়ে সহায়তা প্রদানের জন্য আইএলও'র সাথে যোগাযোগ করা হয়েছে।	অনুরোধ করা হয়। ২। পর্যায়ক্রমে অধিকসংখ্যক বাংলাদেশী কর্মী গমন করে এমন সকল দেশের Country Specific Guideline ওয়েবসাইটে প্রকাশ করার কার্যক্রমটি অব্যাহত রাখার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.৪	অভিযোগ ব্যবস্থাপনার পর্যায়ক্রমিক ধাপসমূহ এসএমএসের মাধ্যমে অবহিতকরণ।	অভিযোগ ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে STEP প্রকল্পের সহায়তায় একটি সুসমন্বিত ব্যবস্থা গড়ে তোলার জন্য বিএমইটি পদক্ষেপ গ্রহণ করেছে এবং ডিসেম্বর/২০১৭ এর মধ্যে তা সম্পন্ন হবে বলে বিএমইটি প্রতিনিধি কর্তৃক সভাকে অবহিত করা হয়। এ কার্যক্রমে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুসৃত পদ্ধতি অনুসরণ করার বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন।	১। অভিযোগ ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে একটি সুসমন্বিত ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে গৃহীত কার্যক্রম জোরদার করার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়। ২। অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতিকে আরো আধুনিক ও mechanized করার মাধ্যমে অভিযোগকারীকে আপডেট স্ট্যাটাস প্রদান এবং সেবা প্রদান কার্যক্রমকে আরো দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.৫	সৌদি আরবে প্রবাসী তথ্য সেবা কেন্দ্র বা Expatriates Digital Centre (EDC) স্থাপন	এ বিষয়ে ইনোভেশন টিমের সদস্য-সচিব বলেন যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই কর্মসূচির উদ্যোগে সৌদি আরবে পরীক্ষামূলকভাবে এ কার্যক্রমটি চালু করা হচ্ছে। প্রাথমিকভাবে সে দেশে দামাম, আল কাসিম ও রিয়াদে ইউনিয়ন ডিজিটাল সেন্টার বা ইউডিসি'র আদলে এ কার্যক্রমটি পরিচালনার পরিকল্পনা করা হয়েছে। এর মাধ্যমে সকল প্রবাসীই প্রয়োজনীয় সেবা গ্রহণ করতে পারবেন বলে ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড-এর প্রতিনিধি সভাকে অবহিত করেন। এ প্রসঙ্গে সভাপতি বলেন যে, মন্ত্রণালয় হতে মিশন ভিজিটের সময় সেদেশে এ কার্যক্রমটি দেখা যেতে পারে এবং এটুআই কর্মসূচি কর্তৃক পরিচালিত সুপারভিশন কার্যক্রমে এ মন্ত্রণালয়ের প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করা যেতে পারে।	১। কার্যক্রমটির বাস্তবায়নে যথাযথ প্রক্রিয়া অনুসরণের জন্য ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড-কে অনুরোধ করা হয়। ২। এর অগ্রগতি পরবর্তী সভায় অবহিত করার জন্যও ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড-কে অনুরোধ করা হয়। ৩। এটুআই কর্মসূচি কর্তৃক পরিচালিত সুপারভিশন কার্যক্রমে এ মন্ত্রণালয়ের প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করার অনুরোধ করা হয়।
৩.৬	বহির্গমন ছাড়পত্র ব্যতীত বিদেশে অবস্থানরত বাংলাদেশী কর্মী (Diaspora) এবং বিদেশে বসবাসরত বাংলাদেশীদের ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের ডাটাবেইজে অন্তর্ভুক্তির জন্য সফটওয়্যার তৈরী করা	ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ডের প্রতিনিধি এ প্রসঙ্গে সভাকে জানান যে, সফটওয়্যারটি প্রস্তুত করা হয়েছে এবং অস্ট্রেলিয়া, ইতালী ও গ্রীসে রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হয়েছে। তবে এখনো উল্লেখযোগ্য পরিমাণে রেজিস্ট্রেশন হয়নি।	প্রবাসী বাংলাদেশী ও Diaspora -দের জন্য গৃহীত এ কার্যক্রমটির মনিটরিং এর মাধ্যমে এর অগ্রগতি বিষয়ে পরবর্তী সভায় অবহিত করার জন্য ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড-কে অনুরোধ করা হয়।
৩.৭	বোয়েসেলের দাপ্তরিক কাজসমূহ সহজে করার জন্য HRM software তৈরীকরণ	বোয়েসেল প্রতিনিধি সভাকে জানান যে, প্রক্রিয়াটি চলমান রয়েছে। সফটওয়্যারটি তৈরী হতে আরো ২-৩ মাস সময় লাগবে। এছাড়া, ইতোপূর্বে বোয়েসেল কর্তৃক একটি মোবাইল এ্যাপস্ তৈরীর বিষয়েও সভায় আলোচনা হয় এবং এ কার্যক্রমটি বাস্তবায়ন সম্ভব হলে তা বাৎসরিক কর্মপরিকল্পনায় পুণরায় অন্তর্ভুক্ত করা যেতে পারে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	জানুয়ারি/২০১৭ মাসের মধ্যে HRM software প্রস্তুতের কার্যক্রমটি সম্পন্ন করার জন্য বোয়েসেলকে অনুরোধ করা হয়।

৩.৮	অভিবাসন প্রত্যাশী বিদেশগামী কর্মীদের নিকট আরো সহজ প্রক্রিয়ায় অভিবাসন ঋণ প্রদান করা	সভায় উপস্থিত প্রবাসী কল্যাণ ব্যাংকের প্রতিনিধি বলেন যে, আরো সহজ প্রক্রিয়ায় অভিবাসন ঋণ প্রদান করার নিমিত্ত একটি ফরমেট প্রস্তুত করা হয়েছে, যা প্রবাসী কল্যাণ ব্যাংক পরিচালনা বোর্ড হতে অনুমোদন গ্রহণ করা হবে। এরপর কার্যক্রমটি চালু করা হবে।	কার্যক্রমটি বাস্তবায়নে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক তা ত্বরান্বিত করার জন্য প্রবাসী কল্যাণ ব্যাংক-কে অনুরোধ করা হয়।
৩.৯	বকেয়া/খেলাপী ঋণ আদায়ের জন্য নতুন ধরনের উদ্ভাবনী কলাকৌশল অবলম্বন করে শাখা পর্যায়ে তা বাস্তবায়ন করা	প্রবাসী কল্যাণ ব্যাংক প্রতিনিধি জানান যে, পিকেবি লোন রিকভারি এসএমএস প্রস্তুত করা হচ্ছে এবং পরীক্ষামূলকভাবে তা দেখা হচ্ছে।	কার্যক্রমটি ফলপ্রসূভাবে পরিচালনার জন্য প্রবাসী কল্যাণ ব্যাংক-কে অনুরোধ করা হয়।
৩.১০	অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা	এ প্রসঙ্গে মন্ত্রণালয়ের সহকারি প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে অনলাইন অভিযোগ ব্যবস্থাপনার একটি টেমপ্লেট ওয়েবসাইটে সংযোজন করা হয়েছে। সফটওয়্যারটি RMMRU হতে সংগ্রহ করা হয়েছে এবং তা ন্যাশনাল ডাটা সেন্টারে হস্তান্তর করতে হবে। টেমপ্লেটটির কনটেন্ট এর ওপর একটি পর্যালোচনা সভা আয়োজন করা যেতে পারে বলেও সভায় অভিমত ব্যক্ত করা হয়।	টেমপ্লেটটির কনটেন্ট এর ওপর একটি পর্যালোচনা সভা আয়োজনের ব্যবস্থা করার জন্য এ মন্ত্রণালয়ের সহকারি প্রোগ্রামার-কে অনুরোধ করা হয়।
৩.১১	মন্ত্রিপরিষদ বিভাগে ১১ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত সেবা পদ্ধতি সহজিকরণ কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ ও পরিবীক্ষণের জন্য গঠিত কমিটির সভার আলোচনা ও সিদ্ধান্ত অনুসারে কার্যক্রম বাস্তবায়ন	মন্ত্রিপরিষদ বিভাগে ১১ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত সেবা পদ্ধতি সহজিকরণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ সভায় উপস্থিত কর্মকর্তাগণকে অবহিত করা হয়। এ প্রসঙ্গে ইনোভেশন টিমের সদস্য-সচিব বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মত বাৎসরিক কর্ম পরিকল্পনা অনুসারে এ সংক্রান্ত রিপোর্ট প্রদান করতে হবে। কিন্তু গত ১১ অক্টোবর ২০১৭ তারিখের সভার জন্য সংস্থা/দপ্তর হতে প্রাপ্ত প্রতিবেদনের কোনো কোনো ক্ষেত্রে তার ব্যতিক্রম পরিলক্ষিত হয়। সভাপতি এ সকল প্রতিবেদনের বিষয়ে সকলকে যত্নবান হওয়ার আহবান জানান।	মন্ত্রিপরিষদ বিভাগে ১১ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত সেবা পদ্ধতি সহজিকরণ কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ ও পরিবীক্ষণের জন্য গঠিত কমিটির সভার আলোচনা ও সিদ্ধান্ত অনুসারে সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৬/১০/২০১৭

(মোঃ আমিনুল ইসলাম)

সভার সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়